

# JANGIPUR COLLEGE

Admission to B.A, B.Sc, B.Com (Hons & Programme) Courses in Semesterized  
CBCS curriculum 2019-20

## ই-কাউন্সিলিংের মাধ্যমে অনলাইন ভর্তির পর্যায়-ক্রমিক পদ্ধতি

- ১) প্রথমে কলেজের ওয়েবসাইট [www.jangipurcollege.in](http://www.jangipurcollege.in) খুলতে হবে।
- ২) ই-কাউন্সিলিংের বোতামটি ক্লিক করতে হবে।
- ৩) বিষয় ও ক্যাটাগরি (Gen/SC/ST/OBC) সিলেক্ট করতে হবে।
- ৪) সাবমিট (Submit) বোতামটি ক্লিক করতে হবে।
- ৫) প্রক্রিয়াটি চলাকালীন রেজিস্টার করা মোবাইল ফোনটি সঙ্গে রাখতে হবে।
- ৬) নিজের নামের পাশের <Book My Seat> বোতামটি ক্লিক করতে হবে। সঙ্গে সঙ্গে মোবাইলে একটি OTP (One Time Password) পাওয়া যাবে।
- ৭) নির্দিষ্ট ঘরে সঠিক OTP টাইপ করতে হবে।
- ৮) ভর্তি ফিজ জমা দেওয়ার জন্য নির্ধারিত Fees Payment Gateway ক্লিক করলে Online Payment Gateway Area খুলে যাবে। আবেদনকারী তার পছন্দ-মতো ডেবিট কার্ড/ভিসা কার্ড/নেট ব্যাঙ্কিং/SBI Gate Way-র মাধ্যমে টাকা জমা করতে পারবে। টাকা জমা হয়ে গেলে একটি রসিদ (Money receipt) তৈরি হবে; যেটির প্রিন্ট কপি প্রার্থীকে সঙ্গে রাখতে হবে।
- ৯) টাকা জমা পড়ার পরেও যদি রসিদ (Money receipt) তৈরি না-হয় তাহলে আবার টাকা জমা দিতে হবে। সেক্ষেত্রে আগের জমা করা টাকা ৩ থেকে ৪ দিনের মধ্যে প্রার্থীর অ্যাকাউন্টে ফেরৎ চলে যাবে। বলাবাহুল্য, টাকা জমা না পড়লে সিট বুকিং হবে না।
- ১০) একটি বিষয়ে ভর্তি হয়ে যাওয়ার পর পরবর্তী কাউন্সিলিংে অন্য বিষয়ে ভর্তি হতে চাইলে আগের ভর্তিটি বাতিল হয়ে যাবে। পরে ভর্তি হওয়া বিষয়ের ভর্তি ফি-বাবদ দেয় টাকার পরিমাণ বেশি হলে বাড়তি টাকা জমা করতে হবে।
- ১১) একজন প্রার্থী একের বেশি বিষয়ে আবেদন করতে পারবে। শুধুমাত্র মেরিট লিস্ট-এর উপর ভিত্তি করেই ভর্তি প্রক্রিয়া সংঘটিত হবে। একজন প্রার্থী কেবলমাত্র একবারই একটি অনার্স থেকে অন্য অনার্স বিষয়ে যেতে পারবে। কোনো প্রার্থী প্রোগ্রাম কোর্স থেকে অনার্স কোর্সে যাওয়ার সুযোগ পাবে।
- ১২) ফাইনাল মেরিট লিস্ট প্রকাশিত হবার পরে আর প্রোগ্রাম কন্সনেশন সাবজেক্ট পরিবর্তন করা যাবে না।

## উপরোক্ত প্রক্রিয়া চলাকালীন কলেজে আসার কোনো প্রয়োজন নেই।

- ১৩) অনলাইন ভর্তি প্রক্রিয়া শেষ হলে নির্ধারিত দিনে নির্ধারিত সময়ের মধ্যে প্রার্থী ও অভিভাবকের স্বাক্ষরসহ ভর্তি-ফর্ম, টাকা জমা দেওয়ার রসিদ ও অন্যান্য প্রয়োজনীয় ডকুমেন্টের ওরিজিনাল এবং জেরক্স কপি সঙ্গে নিয়ে কলেজের ক্লাসরুমে এসে ভর্তি সুনিশ্চিত করতে হবে।
- ১৪) অনলাইন প্রক্রিয়ার সময় দেওয়া তথ্যাবলিতে কোনো ভুল থাকলে তার ভর্তি বাতিল বলে গণ্য হবে।
- ১৫) নির্ধারিত দিনে নির্ধারিত সময়ের মধ্যে কলেজে এসে নথিপত্র যাচাইয়ের কাজ (Document Verification) না-করলে ভর্তি বাতিল বলে গণ্য হবে।
- ১৬) ভর্তি বাবদ দেয় টাকা কোনো অবস্থাতেই ফেরৎযোগ্য নয়।

তারিখ-

29.05.20



ডঃ নবকুমার ঘোষ

ভারপ্রাপ্ত অধ্যক্ষ

Teacher-in-Charge  
JANGIPUR COLLEGE